



শেখ হাসিনার আইনজীবী হতে জেড আই খান পান্নার আবেদন আমলে নেয়নি ট্রাইবুনাল



সংগৃহীত ছবি

জুলাই-আগস্টে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় পলাতক সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের পক্ষে আইনজীবী হিসেবে দায়িত্ব নিতে আবেদন করেছিলেন আলোচিত-সমালোচিত আইনজীবী জেড আই খান পান্না। মঙ্গলবার (১২ আগস্ট) তার পক্ষে আইনজীবী নাজনীন নাহার আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল-১-এ আবেদন দাখিল করেন।

তবে ট্রাইবুনাল আবেদনটি আমলে নেয়নি। এর আগে গত ২৫ জুন ঢাকার বিশেষ জজ আদালত-৮-এর সাবেক বিশেষ পিপি আমির হোসেনকে শেখ হাসিনার পক্ষে রাষ্ট্রনিযুক্ত আইনজীবী (স্টেট ডিফেন্স) হিসেবে নিয়োগ দেওয়া হয়। তিনি ইতোমধ্যে কয়েক দিন ধরে আসামির পক্ষে শুনানি পরিচালনা করছেন।

ট্রাইবুনাল-১ সাক্ষ্যগ্রহণ পর্যায়ে এসে জেড আই খান পান্নার এমন আবেদনের উদ্দেশ্য নিয়ে প্রশ্ন তোলে। আদালত মন্তব্য করে, “ট্রেন ছেড়ে যাওয়ার পর স্টেশন মাস্টারকে বলে ট্রেনে ওঠা যায় না।”

কোর্ট সূত্র জানায়, মামলাটি বর্তমানে সাক্ষ্যগ্রহণের চূড়ান্ত ধাপে রয়েছে এবং নির্ধারিত আইনজীবীর মাধ্যমেই আসামিদের পক্ষে শুনানি অব্যাহত থাকবে।